# অ্যান্ড্রয়েডের জন্য নয়া আপগ্রেড আনল গুগল



**নয়াদিল্লি:** অ্যান্ড্রয়েডের জন্য নয়া আপগ্রেড আনল গুগল, দেখুন পদ্ধতি হারিয়ে যাওয়া ফোন সুইচ অফ বা ব্যাটারি শেষ হয়ে গেলেও পাওয়া যাবে। গুগল গত বছর ২০২৩ সালের মে মাসে অ্যান্ড্রয়েডেও অ্যাপেলের মতো আপগ্রেডেড ফাইন্ড মাই ডিভাইস ফিচার চালু করার ঘোষণা করেছিল।

এবার অবশেষে গুগল বিশ্বজুড়ে বর্তমান এক বিলিয়নেরও বেশি অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য আপগ্রেডেড ফাইন্ড মাই ডিভাইস নেটওয়ার্ক উপলব্ধ করে দিয়েছে।

আপনার হারিয়ে যাওয়া অ্যান্ড্রয়েড স্মার্টফোন বা ট্যাবলেট অফলাইনে থাকলেও, আপনি এখনও এটির অবস্থান ট্র্যাক করতে পারবেন একই সময়ে, পিক্সেল স্মার্টফোন ব্যবহারকারীরা ব্যাটারি শেষ হওয়ার পরেও ফোনটি ট্র্যাক করতে পারবেন।

এতদিন পর্যন্ত গুগলের ফাইন্ড ডিভাইস ফিচার শুধুমাত্র হারানো ডিভাইসের সম্ভাব্য অবস্থান বলে দিত এবং এর জন্য হারানো ফোনের অনলাইন থাকা প্রয়োজন পড়ত। কিন্তু এবার গুগল তার ফাইন্ড মাই ডিভাইস নেটওয়ার্ককে আগের চেয়ে অনেক উন্নত করেছে।

এটি ব্লুটুথ প্রক্সিমিটি ব্যবহার করে আপনার কাছাকাছি ডিভাইস শনাক্ত করার কাজ করে। অ্যাপলের ফাইন্ড মাই নেটওয়ার্ক যেভাবে কাজ করে তার একেবারেই অনুরূপ এই ফিচার।

সারা বিশ্বে অ্যান্ড্রয়েডের জনপ্রিয়তার পরিপ্রেক্ষিতে গুগলের নেটওয়ার্ক অ্যাপলের চেয়ে বেশি শক্তিশালী হতে পারে।

গুগল আরও দাবি করেছে যে পিক্সেল ৮ এবং পিক্সেল ৮ প্রো মালিকরা ফোন বন্ধ থাকলেও তাঁদের ডিভাইসটি সনাক্ত করতে পারবেন।

আপনি আশেপাশে থাকা কোনও ডিভাইস খুঁজতে চাইলে, ফাইন্ড নিয়ারবাই অপশনে ক্লিক করতে পারেন। এতে ফোনটি আশেপাশে থাকলে একটি দৃশ্যমান সাইনও দেখাবে।

গুগল অবশ্য বর্তমানে শুধুমাত্র আমেরিকা এবং কানাডার অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য ফাইন্ড মাই ডিভাইসের আপগ্রেড ভার্সন চালু করেছে।

এবার দেখার বিষয় যে গুগল কবে এই ফিচারটি ভারত এবং বিশ্বের অন্যান্য দেশে চালু করতে পারে। সংস্থাটি জানিয়েছে যে শীঘ্রই এটি বিশ্বব্যাপী উপলব্ধ করা হবে।

## বাড়তে চলেছে রিচার্জের খরচ

# মোবাইল ব্যবহারকারীদের মাথায় হাত




**নয়াদিল্লি:** ভারতের সাধারণ মানুষের জন্য আবারো বাড়তে চলেছে রিচার্জ এর খরচ। লোকসভা নির্বাচনের আগে এবারে গ্রাহকদের উপরে বাড়তি চাপ পড়তে চলেছে বলে জানা যাচ্ছে।

প্রায় ১৫ থেকে ১৭ শতাংশ পর্যন্ত বাড়তে পারে মোবাইলের খরচ। মোবাইল পরিষেবা প্রদানকারী সংস্থাগুলি খুব শীঘ্রই এই দাম বৃদ্ধি করতে পারে বলে মনে করা হচ্ছে। এই মুহূর্তে গ্রাহক কিছু গড় আয়ের নিরিখে সবথেকে বেশি এগিয়ে রয়েছে এয়ারটেল।

বর্তমানে এয়ারটেলের এভারেজ রেভিনিউ পার ইউজার হলো ২০৮ টাকা। এই মুহূর্তে ভারতে দুটি প্রধান টেলিকম সংস্থা হল এয়ারটেল এবং জিও।

জিও যেখানে গ্রাহক সংখ্যা ক্রমাগত হারাতে শুরু করেছে, সেখানে এয়ারটেল কিন্তু ক্রমাগত তাদের গ্রাহক সংখ্যা প্রীতি করতে শুরু করেছে। বিগত কয়েক বছরের মধ্যে এয়ারটেলের গ্রাহক সংখ্যা অনেকটাই বেড়েছে এবং এই মুহূর্তে জিও কে কড়া টক্কর দিচ্ছে এয়ারটেল।

এয়ারটেলের অ্যাভারেজ রিভিউ পার ইউসার বছর দুয়েকের মধ্যে ২৮৬ টাকা হতে পারে।

লোকসভা ভোটের পরে এয়ারটেলের এই আয় বাড়তে পারে বলে মনে করা হচ্ছে। ধারণা অনুযায়ী প্রায় ৫৫ টাকা পর্যন্ত বাড়তে পারে এই গড় আয়।

এন্টিক স্টক ব্রোকিং বিশ্লেষণ দাবি করেছে ভারতীয় টেলিকম ইন্ডাস্ট্রিতে অংশীদারিত্ব বেড়ে ৩০ শতাংশ হতে পারে এয়ারটেলের। অন্যদিকে রিলায়েন্স জিওর অংশীদারিত্ব বেড়ে হবে ৩৯.৭ শতাংশ।

এয়ারটেলের গ্রাহক সংখ্যা বার্ষিক দুই শতাংশ করে বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে।

## কানাডায় আর্টসেলের আট কনসার্ট

**ওট্টায়া: কানাডায় আট কনসার্টে গাইবে ঢাকার জনপ্রিয় ব্যান্ড আর্টসেল। ব্যান্ডটির ২৫ বছর পূর্তি উপলক্ষে এই কনসার্ট আয়োজন করেছে এমএনসি এন্টারটেইনমেন্ট।**

**দেশটির টরন্টো, ভ্যাঙ্কুভার, উইনিপেগ, রেজাইনা, সাসকাটুন, হালিফক্সসহ আট শহরে আটটি শো করবেন লিংকন, সাজুরা। ব্যান্ডের ড্রামার সাজু প্রথম আলোকে জানান, কানাডা ট্যুরে অস্ট্রেলিয়া থেকে সেজান যোগ দেবেন। এতে অংশ নিতে ২৯ এপ্রিল ঢাকা ছাড়বে আর্টসেল।**

**শো শেষে ৩০ মে ঢাকায় ফেরার কথা রয়েছে তাঁদের। মার্চে আয়োজিত জয় বাংলা কনসার্টসহ বেশ কয়েকটি কনসার্টে শ্রোতাদের সামনে হাজির হয়েছে ব্যান্ডটি। ঢাকা ও ঢাকার বাইরে নিয়মিত কনসার্ট করছেন আর্টসেল।**

**গত বছরের ফেব্রুয়ারিতে তৃতীয় অ্যালবাম 'অতৃতীয়' প্রকাশ করেছে ব্যান্ডটি।**

**ব্যান্ডের বর্তমান লাইনআপে আছেন লিংকন (ভোকালিস্ট ও গিটারিস্ট), সাজু (ড্রামার), জুয়েল (লিড গিটারিস্ট), ফয়সাল (লিড গিটারিস্ট) ও সেজান (বেজ গিটারিস্ট)।**

## বাইকের মাইলেজ বাড়ানোর ৫টি উপায়

**কলকাতা:** অফিস, কলেজ বা প্রোগ্রামে যাওয়া হোক অথবা বন্ধুদের সঙ্গে ঘুরতে যাওয়া, একটি বাইক হল এমন একটি সঙ্গী, যা সমস্ত কাজ সম্পন্ন করে। এখন এই মোটরসাইকেলটি, যা সর্বদা ব্যবহৃত হয়, শুধুমাত্র পেট্রোলে চলে। এর মাইলেজ কমে গেলে অনেক সমস্যার সৃষ্টি করে। যদি আমরা বলি যে বাইকের মাইলেজ কখনওই কম হবে না এবং যা ভাবছেন তার থেকে অনেক বেশি দেবে? কিছু বিষয় মাথায় রেখে যে কেউ সহজেই নিজেদের মোটরসাইকেলের মাইলেজ বাড়াতে পারেন। এটি শুধুমাত্র অর্থ সাশ্রয় করবে না, বরং মোটরসাইকেলের আয়ুও বাড়িয়ে দেবে এবং এটি সবসময় নতুনের মতো দেখাবে। তাই এক নজরে দেখে নেওয়া যাক কয়েকটি সহজ টিপস, যার মাধ্যমে যে কেউ নিজেদের মোটরসাইকেলের মাইলেজ বাড়াতে পারবেন।

**স্বাভাবিক গতিতে বাইক চালান:** মোটরসাইকেল কখনও খুব দ্রুত তুলবেন না বা প্রয়োজনের চেয়ে বেশি গতিতে মোটরসাইকেল চালাবেন না। মোটরসাইকেলটি সর্বোচ্চ ৫০ থেকে ৭০ কিলোমিটার প্রতি ঘন্টা গতিতে চালান। এমন পরিস্থিতিতে, ভাল মাইলেজ পাবেন এবং বাইকের ইঞ্জিনের আয়ু বৃদ্ধি পাবে।

**সময়মতো সার্ভিসিং:** যথাসময়ে মোটরসাইকেল সার্ভিসিং করুন। এই সময়ের মধ্যে, এয়ার ফিল্টার, ইঞ্জিন তেল এবং তেল ফিল্টার পরিবর্তন করুন। চেইন স্প্রোকেট চেক করুন এবং তেলযুক্ত করুন। প্রতি ৬ মাস বা ৫ হাজার কিলোমিটার পরপর মোটরসাইকেল সার্ভিস করতে হবে। এটি শুধু মোটরসাইকেলের মাইলেজই বাড়াবে না বরং সেই বাইকটি আরও স্মুথ চলবে এবং সবসময় নতুন দেখাবে।

**রোদে বাইক পার্ক করবেন না:** মোটরসাইকেল কখনও উজ্জ্বল সূর্যের আলোতে পার্ক করা উচিত নয়। এই কারণে বাইকের ট্যাঙ্কে সরাসরি সূর্যের আলো পড়ার কারণে তা উত্তপ্ত হয়ে পেট্রোল বাষ্প হয়ে যায়। এর ফলে বাইকের মাইলেজ কমে যায়। এছাড়া মোটরসাইকেলের রঙও নষ্ট হয়ে যায়। তাই সবসময় ছায়ায় বাইক পার্ক করুন।

**মোটরসাইকেলের টায়ারের হাওয়া:** মোটরসাইকেলের টায়ারে সবসময় সঠিক বায়ুচাপ বজায় রাখুন। শীতকালে এটি ৩৫ পাউন্ড এবং গ্রীষ্মে ৩২ পাউন্ড রাখুন। এতে মোটরসাইকেল ভালো মাইলেজ দেবে এবং ইঞ্জিনে কম লোড হবে। **ডান গিয়ারে বাইক চালান:** সর্বদা সঠিক গিয়ারে বাইক চালান। অর্থাৎ, গতি অনুযায়ী গিয়ার নির্বাচন করুন এবং উচ্চ গতিতে চতুর্থ বা পঞ্চম গিয়ারে চালান। যেখানে দ্বিতীয় বা তৃতীয় গিয়ারে কম গতিতে।

# ডক্টরেট সম্মাননা পেলেন দক্ষিণ ভারতের অন্যতম জনপ্রিয় অভিনেতা রামচরণ




**চেন্নাই:** দক্ষিণ ভারতের অন্যতম জনপ্রিয় অভিনেতা ও হালের সেনসেশান রামচরণের মুকুটে যোগ হলো আরো একটি সোনালি পালক। এবার ডক্টরেট সম্মাননা পেলেন রামচরণ। চেন্নাইয়ের ভেলস বিশ্ববিদ্যালয় থেকে রামচরণকে এই সাম্মানসূচক ডক্টরেট দেওয়া হয়। 'আরআরআর' সিনেমার বদৌলতে এখন বিশ্বজুড়ে ভক্ত এই অভিনেতার। শুধু অভিনেতা নন, দক্ষিণী তারকা একজন সফল প্রযোজকও। সিনেমায় তাঁর অবদানের কথা মাথায় রেখেই এই সম্মান দেওয়া হয়েছে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে। শনিবার আয়োজিত এক অনুষ্ঠানে রামচরণকে এই সম্মাননা দেওয়া হয়। হায়দরাবাদের কলেজ থেকে পড়াশোনা শেষ করেন রামচরণ। তার পর কিশোর নমিত কাপুরের অভিনয়ের স্কুলে ভর্তি হয়ে যান। জগন্নাথের পরিচালনায় 'চিরুথা' সিনেমার মাধ্যমে রামচরণের অভিনয় সফর শুরু হয়। রাজামৌলি পরিচালিত তাঁর 'মাগাধীরা' সিনেমাটি তাঁর কেরিয়ার বদলে দেয়। ব্লকবাস্টার সিনেমাটি দিয়ে দুর্দান্ত এক ক্যারিয়ার শুরু করেন রাম। এরপর দিয়েছেন একের পর এক হিট। সর্বশেষ রাজামৌলির 'আরআরআর' সিনেমায় অভিনয় করে এখন জনপ্রিয়তার শীর্ষে রামচরণ। এদিকে ১১ বছরের দাম্পত্যের পর আবার সন্তানসুখ পেয়েছেন রামচরণ। গত বছরই কন্যা সন্তানের জন্ম দিয়েছেন অভিনেতার স্ত্রী উপাসনা।

মেয়ের নাম রেখেছেন ক্লিল কারা কোণিদেলা। সামনে রামকে দেখা যাবে এস শংকরের পরিচালনায় তৈরি 'গেম চেঞ্জার' সিনেমায়। এতে তার বিপরীতে রয়েছেন কিয়ারা আদভানি। সিনেমাটি এ বছরই মুক্তি পাওয়ার কথা রয়েছে।

## ঢিলের ঘায়ে কপাল ফাটল মুখ্যমন্ত্রী জগন্মোহনের



**অন্ধ্রপ্রদেশ: প্রচারে বেরিয়ে আহত অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী তথা ওয়াইএসআরসিপি প্রধান জগন্মোহন রেড্ডি। রোড শো চলাকালীন উড়ে আসা ঢিলের ঘায়ে আহত তিনি। কপালের বাঁ পাশে সামান্য কেটে গিয়েছে। শুধু জগন্মোহন নন, যুবজন শ্রমিক রাইথু কংগ্রেস পার্টির ভেল্লামপল্লি শ্রীনিবাস রাও-ও আহত হয়েছেন রোড শোয়ে। তাতে যদিও কাজ থেমে থাকেনি। প্রাথমিক চিকিৎসার পরই ফের পুরো উদ্যমে রোড শো করতে নেমে পড়েন অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী। সিং নগরের বিবেকানন্দ স্কুল সেন্টারে বাসে করে জনসংযোগ করার সময় পাথরটি এসে আঘাত করে মুখ্যমন্ত্রীর কপালে। সিএমও থেকে এমনটাই বিবৃতি দেওয়া হয়েছে। ওয়াইএসআরসিপি নেতারা দাবি করেছেন যে, তেলেগু দেশম পার্টির কর্মীরা হামলায় জড়িত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক্স-এ একটি পোস্টে মুখ্যমন্ত্রীর দ্রুত আরোগ্য কামনা করেছেন।**

**CHANGE OF NAME**

I Khodejan Mallik W/o-Lt. Anechhaddin Mallick Residing at Dompukur, P.O.-Dompukur, P.S.-Chapra, Nadia, 741123, W.B. shall henceforth be known as Khodejan Mallick as declared before the Judicial Magistrate (1st Class) Krishnanagar, Nadia vide affidavit No.-551, Dated: 04/04/2024 Khodejan Mallik and Khodejan Mallick Both are same and one identical person.

**CHANGE OF NAME**

I, SAYED AFRIDY MONDAL, S/o NOOR ISLAM MONDAL, residing at Vill.-Paikpara, P.O. & P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, Pin-743235. That inadvertently my father's name has wrongly been recorded as NOUR ISLAM MONDAL in my VOTER ID card being No. UEC1643105, AADHAR card being No. 987300368107 and also my PAN card being no. FWIPM3805C. Do hereby solemnly affirmed and declared by Affidavit No.2464 before LD. Executive Magistrate, Bongaon on 12.03.2024 That NOOR ISLAM MONDAL & NOUR ISLAM MONDAL is self-same and one identical person and having no difference.

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে নিম্নে বর্ণিত কোম্পানির ইক্যুইটি শেয়ার হারিয়ে গেছে/ক্ষতিগ্রস্থ হয়ে গেছে এবং শেয়ারহোল্ডার(গণ)/ক্রয়কারী(গণ) উক্ত ইক্যুইটি শেয়ারের ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেটের জন্য আবেদন জানিয়েছেন। যদি কোনো ব্যক্তি উক্ত শেয়ার সার্টিফিকেটগুলি পেয়ে থাকেন তাহলে কোম্পানির রেজিস্টার্ড অফিসে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ দিনের মধ্যে ফেরৎ দেবেন, অন্যথায় কোম্পানির তরফ থেকে নিম্নে বর্ণিত আবেদনকারীদের ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট(সমূহ) ইস্যু করবেন কোনোরকম তথ্য ছাড়াই।

| ফোলিও নম্বর | শেয়ারহোল্ডারদের নাম | শেয়ারের সংখ্যা এবং ফেস ভ্যালু | ডিসটিংকটিভ নম্বর | | সার্টিফিকেট | |
|---|---|---|---|---|---|---|
| | | | হইতে | থেকে | হইতে | থেকে |
| এস০১০৪৯৬ | সঞ্জয় জগদীশ প্রসাদ আগরওয়াল | ৫০০ শেয়ারের ফেস ভ্যালু - টাকা ২/শেয়ার | ১১৮৬২৪৪৫১ | ১১৮৬২৪৯৫০ | ৪৭১৩ | ৪৭১৩ |

নাম এবং কোম্পানির রেজিস্টার্ড অফিসের ঠিকানা:
ব্রিটানিয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ৫/১এ হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা-৭০০০১৭, পশ্চিমবঙ্গ

স্থান: পশ্চিমবঙ্গ
তারিখ: ১৩.০৪.২০২৪

শেয়ারহোল্ডারদের(গণ) নাম -
সঞ্জয় জগদীশ প্রসাদ আগরওয়াল

**TOSHA INTERNATIONAL LIMITED**

**CIN:** L32101DL1988PLC119284;
**Regd. Office:** E-34, Second Floor, Connaught Circus, New Delhi 110001;
**Tel No.:** +91-11-2341 5550/51; **Email:** toshainternational@yahoo.com;
**Website:** www.toshainternationallimited.in;

**NOTICE**

This notice should be read in conjunction with our earlier notices dated 16.03.2024 and 02.04.2024 published in The Financial Express (all India editions), Jansatta (all India editions) and Arthik Lipi (Kolkata edition) on 16.03.2024 and 02.04.2024 **["Notices"].** The Promoters of the Company intend to delist the equity shares of the Company from the Calcutta Stock Exchange Limited i.e., the only Stock Exchange where the equity shares of the Company are listed and we therefore hereby once again request all the public shareholders to kindly update their address, contact details and email IDs with Tosha International Limited **("Company")** / Skyline Financial Services Private Limited **("RTA")** at the earliest to facilitate them to take steps for effective participation of public shareholders in the Delisting Offer.

The shareholders can contact the below mentioned personnel for their queries:

| **Tosha International Limited** | **Skyline Financial Services Private Limited** |
|---|---|
| Akshat (Company Secretary & Compliance Officer) | (Mr. Anuj Kumar) |
| Tel No.: +91 -11-2341 5550/51 | Tel No.: 011-26812682-83, 40450193 to 97 |
| Email Id: toshainternational@yahoo.com; | Email id: ipo@skylinerta.com |

All other statements as published in the aforementioned notices remain unchanged. The Notices are also available on the website of the Company at www.toshainternationallimited.in.

For **Tosha International Limited**
Sd/-
Akshat
Company Secretary
Mem No.: A45376

Place: New Delhi
Date: 15.04.2024

**প্রতীকী দখল বিজ্ঞপ্তি**

ICICI Home Finance

**রেজিস্টার্ড অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক টাওয়ার্স, বান্দ্রা-কুর্লা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই-৪০০০৫১**

**বাণিজ্যিক অফিস :** আইসিআইসিআই এইচএফসি টাওয়ার, জেবি নগর, আন্ধেরি কুর্লা রোড, আন্ধেরি পূর্ব, মুম্বই-৪০০০৫৯
**শাখা অফিস :** চতুর্থ তল, কৃষ্ণা এনক্লেভ, ২/১, ভজন লাল লোহিয়া লেন, হাওড়া এসি মার্কেটের কাছে, উপরে ইয়েস ব্যাঙ্ক, হাওড়া-৭১১১০১

যেহেতু
আইসিআইসিআই হোম ফিন্যান্স কোম্পানি লিমিটেড-এর নিম্ন স্বাক্ষরকারী অনুমোদিত আধিকারিক এর অধীনে দি সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২এবং তার উপরে থাকা ক্ষমতাবলে আইনের ১৩(১২) ধারা এর সঙ্গে পঠনীয় রুল ৩ অফ দি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ অনুসারে দাবি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে দেনাদারগণের উদ্দেশ্যে বকেয়া অর্থ এই বিজ্ঞপ্তি তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
দেনাদারগণ উক্ত বকেয়া অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায় জনসাধারণের নিকট জানানো হচ্ছে নিম্ন স্বাক্ষরকারী আধিকারিক উক্ত সম্পত্তি দখল নিয়েছেন তার উপরে থাকা ক্ষমতাবলে আইনের ১৩(৪) ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় রুল ৮ এবং উক্ত রুল অনুসারে নিম্নবর্ণিত তারিখের মধ্যে। দেনাদারগণকে ও জনসাধারণের নিকট জানানো হচ্ছে যে তারা যেন উক্ত সম্পত্তি কোনো রকম লেনদেন না করেন যদি কেউ উক্ত সম্পত্তি লেনদেন করেন তাহলে আইসিআইসিআই হোম ফিন্যান্স কোম্পানি লিমিটেডকে সমস্ত চার্জ পরিশোধ করতে হবে।

| ক্রম সং | দেনাদার/সহ-দেনাদারের নাম ঋণ অ্যাকাউন্ট নম্বর | সম্পত্তির বিবরণ/দখলের তারিখ | দাবি বিজ্ঞপ্তির তারিখ/দাবি বিজ্ঞপ্তির অর্থাঙ্ক (টাকা) | শাখার নাম |
|---|---|---|---|---|
| ১. | সুস্মিতা গাঙ্গুলী (দেনাদার), ভাস্কর রায় (জামিনদার), LHCAL00000360720 | ফ্ল্যাট নং- ২কে ব্লক - ৩, দ্বিতীয় তল উদয়রাজপুর মধ্যমগ্রাম কলকাতা কলকাতা -৭০০১৩২ (রেফারেন্স ল্যান নং- LHCAL00000360720), দখলের তারিখ - ০৯.০৪.২০২৪ | ০৮.০৮.২০২২ টাকা ১,৯৪,৪৬২/- | কলকাতা-সাবারবান হাওড়া-বি |

উপরে বর্ণিত দেনাদারগণ/জামিনদারগণকে জানানো হচ্ছে যে বকেয়া অর্থাঙ্ক ৩০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে, বন্ধকীকৃত সম্পত্তি এই বিজ্ঞপ্তির প্রকাশের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে পরিশোধ না করলে বিক্রয় করা হবে ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ৮ ও ৯ মোতাবেক।

**তারিখ: এপ্রিল ১৫,২০২৪**
**স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক**
**আইসিআইসিআই হোম ফিন্যান্স কোম্পানি লিমিটেড**

**প্রতীকী দখল বিজ্ঞপ্তি**

ICICI Home Finance

**রেজিস্টার্ড অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক টাওয়ার্স, বান্দ্রা-কুর্লা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই-৪০০০৫১**

**বাণিজ্যিক অফিস :** আইসিআইসিআই এইচএফসি টাওয়ার, জেবি নগর, আন্ধেরি কুর্লা রোড, আন্ধেরি পূর্ব, মুম্বই-৪০০০৫৯
**শাখা অফিস :** ৮/১এ, দ্বিতীয় তল, স্যার উইলিয়াম জোনস সরণী (পূর্বতন ৮/১, মিডিলটন রো), কলকাতা-৭০০০৭১

যেহেতু
আইসিআইসিআই হোম ফিন্যান্স কোম্পানি লিমিটেড-এর নিম্ন স্বাক্ষরকারী অনুমোদিত আধিকারিক এর অধীনে দি সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২এবং তার উপর ন্যস্ত ক্ষমতাবলে আইনের ১৩(১২) ধারা এর সঙ্গে পঠনীয় রুল ৩ অফ দি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ অনুসারে দাবি বিজ্ঞপ্তি জারি করেছেন, দেনাদারগণের উদ্দেশ্যে বকেয়া অর্থ এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
দেনাদারগণ উক্ত বকেয়া অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ায় জনসাধারণের নিকট জানানো হচ্ছে নিম্ন স্বাক্ষরকারী আধিকারিক উক্ত সম্পত্তির দখল নিয়েছেন তাঁর উপর ন্যস্ত ক্ষমতা প্রয়োগক্রমে আইনের ১৩(৪) ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় রুল ৮ এবং উক্ত রুল অনুসারে নিম্নবর্ণিত তারিখের মধ্যে। দেনাদারগণকে ও জনসাধারণের নিকট জানানো হচ্ছে যে তারা যেন উক্ত সম্পত্তি সংক্রান্ত কোনো প্রকার লেনদেন না করেন, যদি কেউ উক্ত সম্পত্তি সংক্রান্ত কোনও প্রকার লেনদেন করেন তাহলে তা আইসিআইসিআই হোম ফিন্যান্স কোম্পানি লিমিটেডকে সমস্ত চার্জ পরিশোধ করতে হবে।

| ক্রম সং | দেনাদার/সহ-দেনাদারের নাম ঋণ অ্যাকাউন্ট নম্বর | সম্পত্তির বিবরণ/দখলের তারিখ | দাবি বিজ্ঞপ্তির তারিখ/দাবি বিজ্ঞপ্তির অর্থাঙ্ক (টাকা) | শাখার নাম |
|---|---|---|---|---|
| ১ | নবমিতা চৌধুরী (দেনাদার), বেবি দাস (সহ-দেনাদার), LHKJB00001314776 | জেএল নং -১৫ আরইএসএ নং- ১০১ নাটাগড় ঘোলা এস এন ব্যানার্জী রোড বি ব্লক সোদপুর তৌজি নং- ১৫৫ পানিহাটি পুরসভা আর এস দাগ নং- ২৫০৪ লপ নং- ২৫২ ক্যালকাটা-৭০০১১০ (রেফারেন্স ল্যান নং-LHKJB00001314776), চৌহদ্দি - উত্তরে- একতলা বাড়ি, দক্ষিণে-১২ ফুট চওড়া কংক্রিটের পুরসভার রাস্তা, পূর্বে-একতলা বিল্ডিং, পশ্চিমে- একতলা বাড়ি। দখলের তারিখ - ১০ এপ্রিল ২০২৪ | ১২.১২.২০২২ টাকা ৩,৩৬,৯৯৩/- | কলকাতা-এ.জে.সি. বোস রোড-বি |

উপরে বর্ণিত দেনাদারগণ/জামিনদারগণকে জানানো হচ্ছে যে বকেয়া অর্থাঙ্ক ৩০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে, বন্ধকীকৃত সম্পত্তি এই বিজ্ঞপ্তির প্রকাশের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে পরিশোধ না করলে বিক্রয় করা হবে ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ৮ ও ৯ মোতাবেক।

**তারিখ: ১৫ এপ্রিল, ২০২৪**
**স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক**
**আইসিআইসিআই হোম ফিন্যান্স কোম্পানি লিমিটেড**

# প্রয়াত বিশ্বের সর্বোচ্চ বয়স্ক যমজ ব্যক্তি



**লন্ডন:** লরি এবং জর্জ শ্যাপেল, বিশ্বের সবচেয়ে বয়স্ক যমজ, গত ৭ এপ্রিল মারা গিয়েছিলেন। মৃত্যুকালে তাঁদের বয়স হয়েছিল ৬২ বছর। লরি ও জর্জের জন্মগ্রহণ থেকে শুরু করে জীবন ধারণ পর্যন্ত অজানা কাহিনী রীতিমত অবাক করে সকলকেই। আংশিকভাবে মাথার খুলি জোড়া ছিল তাঁদের।

লরি এবং জর্জই প্রথম সমলিঙ্গের যমজ, যাঁরা একই অঙ্গে জড়িত ছিলেন কিন্তু তাঁদের লিঙ্গ ছিল আলাদা। লরি ছিলেন মহিলা, আর জর্জ ছিলেন ট্রান্সজেন্ডার।

তবে তিনি পুরুষের মতোই পোশাক পরতেন। লাইবেনস্পারগার ফিউনারেল হোমস দ্বারা প্রকাশিত রিপোর্ট অনুসারে, তাঁরা মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের হাসপাতালে অজ্ঞাত কারণে মারা গিয়েছেন।

১৮ সেপ্টেম্বর, ১৯৬১ সালে, পেনসিলভেনিয়ায় জন্মগ্রহণ করেছিলেন, লরি এবং জর্জ।

তাঁরা দুজনেই একটি স্বাভাবিক জীবনযাপন করার চেষ্টা করেছিলেন, কিন্তু তাঁদের অস্বাভাবিক অসুস্থতা শুধুমাত্র শারীরিকভাবে নয়, শখ, ব্যক্তিত্ব এবং কর্মজীবনেও প্রতিকূলতার সম্মুখীন হয়েছিলেন।

লরি এবং জর্জ ছিল ক্র্যানিওপাগাস যমজ এবং তাঁদের মাথার খুলির ৩০ শতাংশ একে অপরের সঙ্গে মিশে গিয়েছিল। বলা বাহুল্য, এটি ছিল যমজ ভাই এবং বোনের একে অপরের সঙ্গে সংযুক্ত হয়ে জন্ম নেওয়ার বিরল রূপ। এ অবস্থায় লরি ভালোভাবে হাঁটতে পারলেও জর্জের স্পিনা বিফিডা হাঁটতে পারতেন না।

ঘোরাঘুরি করার জন্য তিনি হুইলচেয়ারের মতো স্টুলে বসে চলতেন, আর এগোনোর জন্য লরি ধাক্কা দিতেন।

প্রায় ২৪ বছর ধরে একটি প্রতিষ্ঠানে বসবাস করার পর, লরি এবং জর্জ একটি দুই বেডরুমের অ্যাপার্টমেন্টে থাকতেন। জর্জ ৯) এর দশকে একজন পেশাদার গায়ক হিসাবে বিশ্বব্যাপী খ্যাতি পেয়েছিলেন।

লরি একজন টেন-পিন বোলার ছিলেন এবং দীর্ঘদিন ধরে একটি হাসপাতালে কাজ করেছিলেন।